

## এন্টিবায়োটিক গ্রহণের ঝুঁকি কি কি?

খুব কম ক্ষেত্রে, এন্টিবায়োটিকের প্রতি কিছু মহিলাদের অ্যানাফিল্যাক্সিস নামে একটি গুরুতর প্রতিক্রিয়া দেখা যায়। যদি আপনার কোন ঔষুধের পার্শ্বপ্রতিক্রিয়ার ইতিহাস থাকে, বিশেষত পেনিসিলিনের প্রতি, তাহলে এই বিষয়টি আপনার ধাত্রী বা ডাক্তারকে জানিয়ে রাখা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

যদি আপনি GBS -এর জন্য ঝুঁকিপূর্ণ হিসাবে চিহ্নিত হন অথবা পরীক্ষায় GBS ধরা পড়ে, তাহলে আপনার শিশুর জিবিএস-এ আক্রান্ত হওয়ার সম্ভাবনা কমে যাবে যদি আপনি প্রসবকালীন সময়ে এন্টিবায়োটিক গ্রহণ করেন।

## সিজারিয়ান অপারেশন এবং GBS

GBS -এর স্ক্রীনিং ঐ সকল গর্ভবতী মহিলাদের জন্যও খুব গুরুত্বপূর্ণ যারা সিজারিয়ান অপারেশনের পরিকল্পনা করে থাকেন। যদি এটি আপনার ক্ষেত্রে প্রযোজ্য হয় তবে আরও তথ্যের জন্য আপনার ধাত্রী বা ডাক্তারকে জিজ্ঞাসা করুন।



## আরও তথ্য:

স্ক্রীনিং বা GBS বিষয়ে আপনার যদি কোনও প্রশ্ন থাকে, তাহলে আপনার ধাত্রী বা ডাক্তারের সাথে কথা বলুন।

73 Miller Street, North Sydney, NSW 2060  
Locked Mail Bag 961, North Sydney 2059  
Tel: 61-2-9391 9000  
[www.health.nsw.gov.au/kids-families/](http://www.health.nsw.gov.au/kids-families/)

SHPN: (HSP) 170644

September 2016



গর্ভাবস্থায় Group B Streptococcus  
ব্যাকটেরিয়ার সনাক্তকরণ পরীক্ষা



Pregnancy screening for Group  
B Streptococcus (GBS)

## Group B Streptococcus সম্পর্কে বিস্তারিত

**Group B Streptococcus (GBS)** হল এক ধরনের ব্যাকটেরিয়া যা আমাদের দেহে বাস করে এবং সাধারণত অপকারী নয়। GBS একটি অস্বাভাবিক ব্যাকটেরিয়া যার মানে হল এটি শরীরের ভিতর প্রবেশ করে এবং বের হয়ে যায়। এটি যৌনবাহিত সংক্রমণ নয়। প্রতি তিনজন মহিলার মধ্যে একজনের যোনিতে GBS ব্যাকটেরিয়া বাস করে, কিন্তু বাহক তা নিজেও জানে না। প্রস্রাবেও GBS পাওয়া যেতে পারে।

## GBS এবং নবজাত শিশু

শিশুর জন্মগ্রহণের সময় GBS মায়ের শরীর থেকে শিশুর দেহে সংক্রামিত হতে পারে যা নবজাতকের জন্য প্রাণঘাতীমূলক সংক্রমণ ঘটাতে পারে, যেমন রক্তে বিষক্রিয়া, মেনিনজাইটিস এবং নিউমোনিয়া ইত্যাদির কারণ হতে পারে। শুধুমাত্র খুব কম সংখ্যক নবজাত শিশুর (প্রতি ২০০০-এ ১ জন) মধ্যে এই সংক্রমণ দেখা যায় যা আরলি অনসেট GBS নামে পরিচিত। নবজাতক শিশুর দেহে GBS -এর সংক্রমণ ঘটতে পারে এই ধরনের অধিক ঝুঁকিপূর্ণ নারীদের প্রসবের সময় ইনট্রাভেনাস (যা শিরার মাধ্যমে সরাসরি রক্তে প্রবেশ করায়) অ্যান্টিবায়োটিকের মাধ্যমে এই ঝুঁকি কমানো সম্ভব। সনাক্তকরণ পরীক্ষা এবং প্রসবকালীন চিকিৎসা সত্ত্বেও কিছু নবজাতক শিশু GBS -এ আক্রান্ত হয়। আপনার শিশু যদি GBS -এ আক্রান্ত হয়, তাহলে হাসপাতালে থাকাকালীন সময়েই এন্টিবায়োটিক দিয়ে তার চিকিৎসা করা হবে।

## GBS এবং বড় শিশু

প্রসবকালীন সময়ে চিকিৎসা সবসময় কার্যকর নাও হতে পারে। বড় বাচ্চাদের GBS সংক্রমণও এন্টিবায়োটিক দিয়ে চিকিৎসা করা যায়।

## কিভাবে আপনার শিশুর GBS -এ আক্রান্ত হওয়ার সুযোগ হ্রাস করা যায়

গর্ভাবস্থায় GBS -এ আক্রান্ত মহিলাদের চিহ্নিত করা খুবই গুরুত্বপূর্ণ যাতে করে তাদের চিকিৎসার মাধ্যমে বাচ্চার দেহে GBS সংক্রমণের সম্ভাবনাকে হ্রাস করা যায়। এটি দুইটি ভিন্ন পদ্ধতির মাধ্যমে করা যেতে পারে এবং উভয় পদ্ধতিই সমানভাবে কার্যকর।

আপনার স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠান আপনাকে একটি পদ্ধতি গ্রহণের প্রস্তাব করবে। আপনার কোনও প্রশ্ন বা উদ্বেগ সম্পর্কে আপনার ধাত্রী এবং/অথবা ডাক্তার আরও তথ্য সরবরাহ করতে পারেন এবং উত্তর দিতে পারেন।



### 1. ঝুঁকি ভিত্তিক স্ক্রীনিং বা সনাক্তকরণ পরীক্ষা:

এই স্ক্রীনিং পদ্ধতিটি এমন মহিলাকে চিহ্নিত করে যার শিশু জন্মকালীন সময়ে GBS -এ আক্রান্ত হওয়ার উচ্চ ঝুঁকিতে আছে। ঝুঁকির বিষয়গুলি হল:

- যদি আপনার পূর্বের শিশু GBS -এ আক্রান্ত হয়ে থাকে
- আপনার গর্ভাবস্থার যেকোন সময়ে প্রস্রাবে যদি GBS পাওয়া যায় (এমনকি ঐ সময়ে এন্টিবায়োটিক দিয়ে এর চিকিৎসা করলেও)
- যদি ৩৭ সপ্তাহের আগে আপনার প্রসব হয়
- প্রসববেদনাকালীন সময়ে আপনার শরীরের তাপমাত্রা যদি ৩৮ ডিগ্রী সেন্টিগ্রেডের বেশী হয়
- যদি আপনার শিশুর দেহে সংক্রমণের লক্ষণ দেখা যায়
- আপনার পানি ভাঙ্গার পর ১৮ ঘন্টা বা তারও বেশি সময় প্রসববেদনা অবস্থায় থাকলে।

### 2. প্রসবপূর্বক (এনটিন্যাটাল) নিয়মিত পরীক্ষা পদ্ধতি:

যখন আপনার গর্ভাবস্থা ৩৫ এবং ৩৭ সপ্তাহের মধ্যে থাকে, তখন আপনি পরীক্ষা করতে পারেন যে আপনি GBS -এ সংক্রামিত কি না। এটি একটি সহজ সোয়াব প্রক্রিয়া যা আপনি নিজেই করতে পারেন বা আপনি আপনার ধাত্রী বা ডাক্তারকে নমুনা সংগ্রহ করতে বলতে পারেন।

তারপর সোয়াবটি প্যাথোলজিতে পাঠানো হয় এবং এর ফলাফল আপনার পরবর্তী এনটিন্যাটাল অ্যাপয়েন্টমেন্টের সময় জানানো হবে।

## পরিকল্পনা

যদি GBS সনাক্তকরণ পরীক্ষায় আপনার ফলাফল ইতিবাচক হয় অথবা আপনি GBS -এর ঝুঁকির কারণ সম্পর্কে অবহিত থাকেন, তাহলে প্রসবকালীন সময়ে আপনাকে এন্টিবায়োটিক দিয়ে চিকিৎসা করা হবে। আপনার গর্ভাবস্থায় এই বিষয়গুলো নিয়ে আপনার সাথে আলোচনা করা হবে এবং আপনার সম্মতিক্রমে, একটি চিকিৎসা পরিকল্পনা আপনার মেডিকেল রেকর্ডে অন্তর্ভুক্ত করা হবে।